প্রশিক্ষণ ম্যানুয়াল

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা
‘হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা’ বিষয়ের শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ কর্মসুচি

অধ্যাপক ড. নারায়ণ চন্দ্র বিশ্বাস, সংস্কৃত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

রীনা সাহা, ইন্সট্রাক্টর, মুন্সীগঞ্জ

মো.আতাউর রহমান, সহকারী পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

তাহমিনা রহমান, বিশেষজ্ঞ, এনসিটিবি

দিন : ৬ষ্ঠ

অধিবেশন : ১ম

সময় : ৪৫ মিনিট (৪.১৫ – ৫.০০)

অধিবেশনের শিরোনাম : প্রথম ও দ্বিতীয় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা পরিচিতি।

উদ্দেশ্য :

১. প্রথম ও দ্বিতীয় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তু বলতে পারা।

২. প্রথম ও দ্বিতীয় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য ও প্রয়োজনীয়তা বলতে পারা।

প্রশিক্ষণ সামগ্রী/সহায়ক উপকরণ :

- শিক্ষাক্রম
- শিক্ষক নির্দেশিকা
- মাল্টিমিডিয়া
- হোয়াইট বোর্ড, পুশপিন বোর্ড
- মার্কার, সাইনপেন

কাজ : ১ প্রথম ও দ্বিতীয় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তু বলতে পারা। ৩৫ মিনিট

সহায়কের কার্যাবলি :

- অংশগ্রহণকারীদের ৪টি দলে ভাগ করুন। প্রত্যেক দলে শিক্ষাক্রম সরবরাহ করুন। ২টি দলে ১ম শ্রেণি ও ২টি দলে ২য় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিকযোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তু দেখতে বলুন।
- প্রতিদলকে নির্ধারিত শ্রেণির ১টি বিষয়বস্তুর প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল শনাক্ত করতে বলুন।
- প্লেনারিতে দলীয় কাজ উপস্থাপন করতে বলুন।
- Power Point এর মাধ্যমে বিস্তৃত শিক্ষাক্রম প্রদর্শন করে সকলের ধারণা স্পষ্ট করুন।

তথ্যপত্র :

প্রান্তিক যোগ্যতা :

- **পরিমার্জিত শিক্ষাক্রমে প্রান্তিক যোগ্যতার ক্ষেত্রে পরিবর্তন আনা হয়েছে। পূর্ববর্তী শিক্ষাক্রমে প্রান্তিক যোগ্যতা ছিল ১৬টি। পরিমার্জিত শিক্ষাক্রমে প্রান্তিক যোগ্যতা ১৬টির স্থলে ৯টি নির্ধারণ করা হয়েছে।**

৯টি প্রান্তিক যোগ্যতা নিম্নরূপ :

১. সর্বশক্তিমান সৃষ্টিকর্তা ঈশ্বরের প্রতি বিশ্বাস ও ভক্তি স্থাপন করা, সৃষ্টির মধ্যেই সৃষ্টিকর্তা ঈশ্বর আত্মারূপে বিরাজ করেন তা জানা এবং সকল সৃষ্টির প্রতি ভালোবাসায় উদ্দীপ্ত হওয়া।
২. ঈশ্বরের স্বরূপ ও মাহাত্ম্য সম্পর্কে জানা এবং উপাসনা-পূজা-প্রার্থনার মাধ্যমে নিজের মানসিক উৎকর্ষ ও সমাজের মঙ্গল সাধনে আগ্রহী হওয়া।
৩. হিন্দুধর্মের সাধারণ বৈশিষ্ট্য ও হিন্দুধর্মগ্রন্থ সম্পর্কে জানা এবং হিন্দুধর্মের অনুশাসন, উপাখ্যান, মুনি-ঋষি ও মহাপুরুষদের জীবনচরিত অনুসরণ ও অনুশীলনের মাধ্যমে নৈতিক ও চারিত্রিক গুণাবলি অর্জন করা।
৪. সকল ধর্ম ও ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধাশীল হওয়া এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ নারী পুরুষ, জাতি-ধর্ম-নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের মানসিকতা অর্জন করা।
৫. ধর্মের অঙ্গ হিসেবে অন্যকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে উদারতা ও ত্যাগের মনোভাব অর্জন করা এবং পরমতসহিষ্ণুতা প্রদর্শন করা।
৬. হিন্দু ধর্মাদর্শ অনুসরণে সত্যবাদিতা, সততা, প্রতিজ্ঞারক্ষা, গুরুজনে ভক্তি, অহিংসা, পরোপকার প্রভৃতি নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য অনুধাবন করে সঠিক পথে চলতে উদ্বুদ্ধ হওয়া।
৭. ধর্মের অঙ্গ হিসেবে শরীরচর্চা, আসন, যোগব্যায়াম, পরিমিত আহার ও উপবাসের মাধ্যমে স্বাস্থ্যসম্মত জীবনযাপনে সচেষ্ট হওয়া।
৮. হিন্দুধর্মের আদর্শ ও উপাখ্যানের মাধ্যমে দেশপ্রেমকে ধর্মের অঙ্গ হিসেবে জানা এবং দেশপ্রেমের চেতনায় উদ্দীপ্ত হওয়া।
৯. ঐতিহ্য ও সংস্কৃতির অঙ্গ হিসেবে পূজা-পার্বণ, উৎসব-অনুষ্ঠান সম্পর্কে জানা ও তাতে অংশগ্রহণে আগ্রহী হওয়া এবং মন্দির ও তীর্থক্ষেত্র সম্পর্কে জেনে পরিদর্শনে আগ্রহী হওয়া।

- এ প্রান্তিক যোগ্যতার ক্ষেত্রে পরিবর্তনের যৌক্তিকতা রয়েছে।

এর ফলে প্রান্তিক যোগ্যতাসমূহের ভিত্তিতে যে শ্রেণিভিত্তিক যোগ্যতাসমূহ নির্ধারিত হয় সেগুলোর সংখ্যা হ্রাস পেলো। এতে করে জ্ঞানার্জন সুনির্দিষ্ট লক্ষ্যমুখী ও সংগত হয়েছে এবং এতে নির্ধারিত সময়ের মধ্যেই পাঠদান সমাপ্ত করা সম্ভব হবে।

অর্জন উপযোগী যোগ্যতা :

৯টি প্রান্তিক যোগ্যতার ভিত্তিতে নির্ধারিত হয়েছে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতাসমূহ। ক্ষেত্র বিশেষ একটি প্রান্তিক যোগ্যতা থেকে একাধিক অর্জন উপযোগী যোগ্যতা নির্ধারণ করা হয়েছে।

নিম্নে ছকে একটি উদাহরণ দিচ্ছিঃ

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল
৩. হিন্দুধর্মের সাধারণ বৈশিষ্ট্য ও হিন্দুধর্মগ্রন্থ সম্পর্কে জানা এবং হিন্দুধর্মের অনুশাসন, উপাখ্যান, মুনি-ঋষি ও মহাপুরুষদের জীবন-চরিত অনুসরণ ও অনুশীলনের মাধ্যমে নৈতিক ও চারিত্রিক গুণাবলি অর্জন করা।	৩.১ একজন মহাপুরুষ ও একজন মহীয়সী নারীর জীবনচরিত বর্ণনা করতে পারবে, তাঁদের শিক্ষা ব্যাখ্যা করতে পারবে এবং নিজ আচরণে তার প্রতিফলন ঘটাতে পারবে। ৩.২ ধর্মগ্রন্থের ধারণা ব্যাখ্যা করতে পারবে, রামায়ণের কাহিনী সংক্ষেপে বর্ণনা করতে পারবে এবং ধর্মগ্রন্থ হিসেবে রামায়ণের গুরুত্ব ব্যাখ্যা ও উপলব্ধি করতে পারবে।	৩.১.১ মহাপুরুষ ও মহীয়সী নারী বলতে কাদের বোঝায় তা বলতে পারবে। ৩.১.২ একজন মহাপুরুষ ও একজন মহীয়সী নারীর জীবনচরিত বর্ণনা করতে পারবে। ৩.১.৩ তাঁদের শিক্ষা ব্যাখ্যা করতে পারবে। ৩.২.১ ধর্মগ্রন্থ কাকে বলে তা ব্যাখ্যা করতে পারবে। ৩.২.২ মূল রামায়ণ রচনার ভাষা এবং রচয়িতার নাম বলতে পারবে। ৩.২.৩ বাংলা ভাষায় অনূদিত প্রচলিত রামায়ণ রচয়িতার নাম বলতে পারবে। ৩.২.৪ রামায়ণের কয়টি কাণ্ড আছে তা বলতে পারবে। ৩.২.৫ রামায়ণের কাহিনী সংক্ষেপে বর্ণনা করতে পারবে। ৩.২.৬ রামায়ণের শিক্ষা ব্যাখ্যা করতে পারবে। ৩.২.৭ নিজের জীবনে রামায়ণের শিক্ষা অনুসরণে উদ্বুদ্ধ হবে।

শিখনফলঃ

প্রান্তিক যোগ্যতার ভিত্তিতে নির্ধারিত শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা থেকে প্রয়োজনীয় সংখ্যক শিখনফল নির্ধারণ করা হয়েছে। আবার নির্ধারিত শিখনফলগুলোর ভিত্তিতে নির্ধারণ করা হয়েছে বিষয়বস্তু। সেই বিষয়বস্তু অনুসারে প্রণীত হয়েছে পাঠ্যপুস্তক। পাঠ্যপুস্তক প্রণয়ণ করার সময় লেখকগণ লক্ষ্য রেখেছেন; পাঠসমূহে শিখনফলগুলো যেনো প্রতিফলিত হয়। তদুপরি শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশের লক্ষ্যে শিক্ষার্থীদের জন্য কিছু পরিকল্পিত কাজের পরামর্শ রাখা হয়েছে। শ্রেণিশিক্ষক ইচ্ছে করলে নিজের উদ্ভাবিত পরিকল্পিত কাজ শিক্ষার্থীদের দিতে পারেন।

শিক্ষাক্রমে প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল বিষয়বস্তু ও পরিকল্পিত কাজ সন্নিবেশিত করা হয়েছে এ একটি নমুনা ছকে প্রদর্শন করছি।

প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখন ফল	বিষয়বস্তু	পরিকল্পিত
৪. সকল ধর্ম ও ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধাশীল হওয়া এবং চাহিদাসম্পন্ন শিশুসহ নারী পুরুষ, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের মানসিকতা অর্জন করা।	৪.১ বিভিন্ন ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধা ও সহনশীলতা প্রদর্শন করা যে মানসিক গুণ. তা বর্ণনা করতে পারবে এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ সকলের প্রতি সহনশীল ও সহযোগিতামূলক আচরণ করতে পারবে।	৪.১.১ শ্রদ্ধা ও সহনশীলতার ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৪.১.২ মানবিক ও নৈতিক গুণ হিসেবে শ্রদ্ধা ও সহনশীলতার গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৪.১.৩ বর্ণনা করতে পারবে যে পৃথিবীতে মানুষের মধ্যে ধর্মমত ও বিশ্বাসের বিভিন্নতা রয়েছে। ৪.১.৪ বাংলাদেশসহ পৃথিবীর অন্যান্য দেশের প্রচলিত কয়েকটি ধর্মমতের নাম বলতে	শ্রদ্ধা ও সহনশীলতা • ধারণা ও গুরুত্ব • ধর্মমত ও বিশ্বাসের বিভিন্নতা • ধর্মীয় অনুষ্ঠানের নাম • সকল ধর্মের প্রতি শ্রদ্ধা ও সহনশীলতা • বিশেষ চাহিদা সম্পন্ন শিশুসহ সকলের প্রতি সহনশীলতা	• শিক্ষার্থী ভিন্ন ধর্মাবলম্বীসহ সহপাঠী ও বন্ধুদের ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠানে যোগদান করবে এবং সকলের প্রতি সহনশীল আচরণ করবে। • শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন শিশুসহ সকলের ক্ষেত্রে সাধ্যমতো

প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখন ফল	বিষয়বস্তু	পরিকল্পিত
		পারবে। ৪.১.৫ বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বীর প্রধান ধর্মীয় অনুষ্ঠানসমূহের নাম বলতে পারবে। ৪.১.৬ সকল ধর্মের প্রতি শ্রদ্ধা ও সহনশীলতার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। ৪.১.৭ সকল ধর্মের প্রতি শ্রদ্ধা ও সহনশীলতা প্রকাশে উদ্বুদ্ধ হয়ে নিজ আচরণে তা প্রকাশ করতে পারবে। ৪.১.৮ বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ নারী-পুরুষ জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের প্রতি সহনশীল আচরণ করার গুরুত্ব দৃষ্টান্তসহ ব্যাখ্যা করতে পারবে।		সহযোগিতা করবে।

কাজ-২ :

প্রথম ও দ্বিতীয় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য ও প্রয়োজনীয়তা বলতে পারা। ১০ মি:

সহায়কের কার্যাবলি :

- অংশগ্রহণকারীদের ৪টি দলে ভাগ করে ২ টি দলে ১ম শ্রেণির ও ২টি দলে ২য় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার শিক্ষক নির্দেশিকা ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন।
- প্রতি দলকে আলোচনা করে নির্ধারিত শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য পোস্টার পেপারে লিখতে বলুন।
- দলীয় কাজ উপস্থাপন করতে বলুন।
- তথ্যপত্রের আলোকে তৈরিকৃত শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য Power Point এ প্রদর্শন করুন।
- নিম্নরূপ প্রশ্নের মাধ্যমে শিক্ষক নির্দেশিকার প্রয়োজনীয়তার ধারণা স্পষ্ট করুন।
  ক) শিক্ষক নির্দেশিকা বলতে কী বোঝায়?
  খ) শিক্ষক নির্দেশিকা কে ব্যবহার করবেন?
  গ) শিক্ষক নির্দেশিকা প্রয়োজনীয়তা কী?
- পরিশেষে প্রয়োজনীয় ফলাবর্তন দিন।

তথ্যপত্র-১

শিক্ষক নির্দেশিকার বৈশিষ্ট্য

১। প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পাঠ্যপুস্তক না থাকায় এখানে কেবল শিক্ষক নির্দেশিকা প্রণীত হয়েছে।
২। শিক্ষককে সহায়তা করার জন্য পাঠ্যপুস্তক লিপিবদ্ধ হয়েছে।
৩। পাঠ্যপুস্তকে পাঠ অনুযায়ী ছোট ছোট অংশে বিভাজন করা হয়েছে।
৪। অর্জন উপযোগী যোগ্যতাসমূহ ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে।
৫। শিখনফল লিপিবদ্ধ করা হয়েছে।
৬। অধ্যায় অনুযায়ী সুনির্দিষ্ট পাঠ নির্ণীত হয়েছে।
৭। নৈতিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে প্রতিটি পাঠে নৈতিক শিক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়েছে।
৮। পাঠকে আকর্ষণীয় এবং সহজে বোধগম্য করার জন্য সহায়ক উপকরণের উল্লেখ করা হয়েছে।
৯। পরিকল্পিত কাজের কথা বলা হয়েছে।
১০। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের কাছে পাঠটিকে সহজবোধ্য করার জন্য শিখন শেখানো কার্যাবলির নির্দেশনা দেওয়া হয়েছে।

দিন : ৭ম (৪টি ধর্ম)

অধিবেশন : ২য়

সময় : ১:২০ মি. (১১.০০-১২.২০)

অধিবেশনের শিরোনাম: ১ম ও ২য় শ্রেণির ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষার মূল্যায়ন পদ্ধতি ও কৌশল। ৫মি:

অধিবেশনের উদ্দেশ্য:

- ১ম ও ২য় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস সম্পর্কে ধারণা লাভ করা।
- ১ম ও ২য় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন করতে পারা।
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সংরক্ষণ ছকটি পূরণ করতে পারা।

প্রশিক্ষণ সামগ্রী : ৩মি:

- শিক্ষক নির্দেশিকা
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সংরক্ষণ ছক
- পোস্টার পেপার / মার্কার / ফ্লিপচার্ট/ চক/ ডাষ্টার
- ডিজিটাল উপকরণ সংবলিত সিডি
- মাল্টিমিডিয়া/প্রজেক্টর/ল্যাপটপ/কম্পিউটার
- ব্ল্যাক বোর্ড / হোয়াইট বোর্ড
- নির্দেশিকা কাঠি / পয়েন্টার

সহায়কের কার্যাবলি :

কাজ- ১ : ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস পরিচিতি : ৩০ মি:

জোড়ায় কাজ : অংশগ্রহণকারীদের সালাম ও কুশল বিনিময় করুন। অংশগ্রহণকারীদের ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস বিষয়ের ছকগুলো বিতরণ করুন। তাদেরকে জোড়ায় জোড়ায় আলোচনার মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করতে বলুন।
ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস বিষয়ের ছক ও প্রশ্ন মাল্টিমিডিয়ায় প্রদর্শন ও আলোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ধারণা আরও স্পষ্ট করুন।

কাজ-২ : ১ম ও ২য় শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন: ৩০ মি:

(ক) জোড়ায় কাজ : অংশগ্রহণকারীদের ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন বিষয়ের ছকগুলো বিতরণ করুন। তাদেরকে জোড়ায় জোড়ায় আলোচনার মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করতে বলুন। ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন বিষয়ের ছক মাল্টিমিডিয়ায় প্রদর্শন ও আলোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ধারণা আরও স্পষ্ট করুন।
(খ) দলীয় কাজ : অংশ্রহণকারীদের ৪টি দলে বিভক্ত করুন। শিক্ষক নির্দেশিকার ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন বিষয়ের ছকগুলো বিতরণ করুন। ২টি দলকে ইসলাম ও হিন্দুধর্মের ১ম শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন করতে বলুন। ২টি দলকে খ্রিষ্ট ও বৌদ্ধধর্মের ২য় শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন করতে বলুন।
এবার ৪টি দলকে ফলাফল সংরক্ষণ ছকটি পূরণ করতে দিন।
দলীয় কাজ উপস্থাপন করতে বলুন।
কোনো অস্পষ্টতা থাকলে আলোচনার মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করুন।

দিন : ৭ম (৪টি ধর্ম)

অধিবেশন : ৩য়

সময় : ১:৩০ মি. (৩.৩০- ৫.০০)

অধিবেশনের শিরোনাম : ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষার মূল্যায়ন পদ্ধতি ও কৌশল।

উদ্দেশ্য :

১. ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষার ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস সম্পর্কে ধারণা লাভ করা।
২. ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষার ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন করতে পারা।
৩. ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সংরক্ষণ ছকটি পূরণ করতে পারা।

প্রশিক্ষণ সামগ্রী : ৩মি:

- শিক্ষক নির্দেশিকা।
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের সংরক্ষণ ছক
- পোস্টার পেপার / মার্কার / ফ্লিপচার্ট/ চক/ ডাষ্টার
- ডিজিটাল উপকরণ সংবলিত সিডি
- মাল্টিমিডিয়া/প্রজেক্টর/ল্যাপটপ/কম্পিউটার
- ব্ল্যাক বোর্ড / হোয়াইট বোর্ড
- নির্দেশিকা কাঠি / পয়েন্টার

সহায়কের কার্যাবলি:

কাজ ১ : ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস পরিচিতি : ৩০মি:

জোড়ায় কাজ : অংশগ্রহণকারীদের সালাম ও কৌশল বিনিময় করুন। অংশগ্রহণকারীদের ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস বিষয়ের ছকগুলো বিতরণ করুন। তাদেরকে জোড়ায় জোড়ায় আলোচনার মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করতে বলুন।

ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন পদ্ধতি, কৌশল ও টুলস বিষয়ের ছক ও প্রশ্ন মাল্টিমিডিয়ায় প্রদর্শন ও আলোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ধারণা আরও স্পষ্ট করুন।

কাজ-২

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষার ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন: ৩০মি.

(ক) জোড়ায় কাজ : অংশগ্রহণকারীদের ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন বিষয়ের ছকগুলো বিতরণ করুন। তাদেরকে জোড়ায় জোড়ায় আলোচনার মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করতে বলুন।

ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন বিষয়ের ছক মাল্টিমিডিয়ায় প্রদর্শন ও আলোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ধারণা আরও স্পষ্ট করুন।

(খ) দলীয় কাজ : অংশগ্রহণকারীদের ৪টি দলে বিভক্ত করুন। শিক্ষক নির্দেশিকার ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন বিষয়ের ছকগুলো বিতরণ করুন। ২টি দলকে ইসলাম ও হিন্দুধর্মের ৩য় ও ৪র্থ শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন করতে বলুন। ২টি দলকে খ্রিষ্ট ও বৌদ্ধধর্মের ৫ম শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের প্রশ্নপত্র প্রণয়ন ও নম্বর বিভাজন করতে বলুন।

এবার ৪টি দলকে ফলাফল সংরক্ষণ ছকটি পূরণ করতে দিন।

দলীয় কাজ উপস্থাপন করতে বলুন।

কোনো অস্পষ্টতা থাকলে আলোচনার মাধ্যমে তাদের ধারণা স্পষ্ট করুন।

তথ্যপত্র-২

নম্বর বিভাজন

১ম-৫ম শ্রেণি

শ্রেণি	ধারাবাহিক মূল্যায়ন			সামষ্টিক মূল্যায়ন
প্রথম	৩০			২০ (মৌখিক)
	বিষয়জ্ঞান ২০	ধর্মীয় অনুশাসন চর্চা ৫	নৈতিক গুণাবলি চর্চা ৫	বিষয়জ্ঞান
দ্বিতীয়	৩০			২০
	বিষয়জ্ঞান ২০	ধর্মীয় অনুশাসন চর্চা ৫	নৈতিক গুণাবলি চর্চা ৫	বিষয়জ্ঞান
তৃতীয়	৩০			৭০
	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	বিষয়জ্ঞান ৭০
চতুর্থ	৩০			৭০
	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	বিষয়জ্ঞান ৭০
পঞ্চম	৩০			৭০
সাময়িক	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	বিষয়জ্ঞান ৭০
সমাপনী				বিষয়জ্ঞান (বিষয়বস্তুর ভাগ ঠিক করতে হবে) ৩০ (সাময়িক) + ৭০ সমাপনী

সুনির্দিষ্ট সারণি : ৩য় থেকে ৫ম শ্রেণি

নিচের সারণি অনুযায়ী প্রশ্নসমূহ সুনির্দিষ্ট করে দেখানো হলো :

অভীক্ষা পদের ধরন	বিষয়জ্ঞান									
	জানা		অনুধাবন		প্রয়োগ		উচ্চতর দক্ষতা		মোট	
	প্রশ্ন সংখ্যা	নম্বর	প্রশ্ন সংখ্যা	নম্বর	প্রশ্ন সংখ্যা	নম্বর	প্রশ্ন সংখ্যা	নম্বর	মোট প্রশ্ন সংখ্যা	মোট নম্বর
নৈর্ব্যক্তিক • বহুনির্বাচনি প্রশ্ন • শূন্যস্থান পূরণ • মিলকরণ	২৭	১	৩	১	-	-	-	-	৩০	৩০
• সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন	২	৩	২ (১, ৭)	২	১ (২)	-	-	-	৫	১৫
• বর্ণনামূলক প্রশ্ন	২	-	১ (৩, ৬)	-	১ (৪)	-	১ (৫)	-	৫	২৫
							সর্বমোট নম্বর =			৭০

- বহুনির্বাচনি প্রশ্ন : ১ × ২০ = ২০
- শূন্যস্থান পূরণ : ১ × ৫ = ৫
- মিলকরণ : ১ × ৫ = ৫
- সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন : ৩ × ৫ = ১৫
- বর্ণনামূলক প্রশ্ন : ৫ × ৫ = ২৫

সর্বমোট = ৭০

১। **বিষয়জ্ঞান :** শিক্ষক নির্দেশিকা এবং পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু সম্পর্কে জানা।

২। **ধর্মীয় অনুশাসন চর্চা :** পাঠ্যপুস্তকে বর্ণিত ধর্মীয় রীতিনীতি ও আচার-আচরণ অনুশীলন করা। যেমন– দেব- দেবীর পূজা করা, পূজা-পার্বণ পালন করা, উপাসনা ও প্রার্থনা করা, উপবাস করা, মন্দির ও তীর্থক্ষেত্র পরিদর্শন করা, প্রণাম করা ইত্যাদি।

৩। **নৈতিক গুণাবলি চর্চা :** পাঠ্যপুস্তকে বর্ণিত নৈতিক গুণাবলি অনুশীলন করা। যেমন– নিজ নিজ ধর্মের অনুশীলন করা, সকল সৃষ্টিকে ভালোবাসা, পিতা-মাতা ও গুরুজনকে শ্রদ্ধা করা, কারো সঙ্গে বিবাদ না করা, সহপাঠীদের প্রতি সহানুভূতিশীল হওয়া, মানবসেবা করা, সকল ধর্মের প্রতি শ্রদ্ধাপোষণ ও মানুষের প্রতি ভালোবাসা প্রদর্শন করা, বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি শিষ্টাচার প্রদর্শন করা, পরমতসহিষ্ণুতার আদর্শ অনুসরণ করা, অহিংসা আচরণ ও পরোপকার করা, পরিবেশ সংরক্ষণে যত্নবান হওয়া, জাতীয় সঙ্গীত ও জাতীয় পতাকার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা, দেশকে ভালোবাসা।

৪। **সমাপনী পরীক্ষার নম্বর বণ্টন :**

অধ্যায়ের নাম	**নম্বর**
(ক) ঈশ্বর ও জীবসেবা	২০
(খ) ঈশ্বরের স্বরূপ এবং উপাসনা ও প্রার্থনা	
(গ) হিন্দুধর্মের সাধারণ পরিচয়, ধর্মগ্রন্থ এবং মহাপুরুষ ও মহীয়সী নারী	২০
(ঘ) ঈশ্বরের একত্ব, ধর্মীয় সাম্য ও সম্প্রীতি	২০
(ঙ) শিষ্টাচার ও পরমতসহিষ্ণুতা	
(চ) অহিংসা ও পরোপকার	২০
(ছ) স্বাস্থ্যরক্ষা ও যোগব্যায়াম এবং আসন	
(জ) দেশপ্রেম	২০
(ঝ) ঐতিহ্য ও সংস্কৃতি : পূজা-পার্বণ ও ধর্মক্ষেত্র	

ধারাবাহিক মূল্যায়ন

ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে প্রত্যেক সাময়িকে শ্রেণিকক্ষে নির্ধারিত পাঠচলাকালে বা পাঠশেষে শিক্ষক আলোচিত পাঠের ওপর শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়ন করবেন। এক্ষেত্রে শিক্ষক কখন কীভাবে কয়জনকে কতসময়ে মূল্যায়ন করবেন তা নিজস্ব কৌশল/পদ্ধতির বা শিক্ষক নির্দেশিকায় উল্লিখিত শিখন শেখানো কার্যক্রমের মাধ্যমে নির্ধারণ করবেন।

ধারাবাহিক মূল্যায়ন কাঠামো

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ/মন্তব্য
বিষয়জ্ঞান	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● মহাপুরুষ ● মন্দির ও তীর্থক্ষেত্র ● ঈশ্বর ও দেব-দেবী	মৌখিক (প্রশ্নোত্তর) (১ম–৫ম)	প্রশ্নাবলি (চেকলিস্ট)	শিক্ষক নির্দেশিকা অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠচলাকালে বা পাঠশেষে শিক্ষক মৌখিক প্রশ্নাবলি ও মৌখিক চেকলিস্ট ব্যবহার করে শিক্ষার্থীকে মূল্যায়ন করবেন। শিক্ষার্থীর শিখন দুর্বলতা চিহ্নিত করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন। পুনর্মূল্যায়নের মাধ্যমে শিখনফল নিশ্চিত করবেন। যেমন- ● মহাপুরুষ বলতে কী বোঝায়? ● মন্দির ও তীর্থক্ষেত্র কী? ● কয়েকজন দেব-দেবীর নাম বল।
	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● সহমর্মিতা ● ত্যাগ ও উদারতা ● উপাসনা	লিখিত (৩য় – ৫ম শ্রেণি)	প্রশ্নাবলি	শ্রেণিকক্ষে পাঠচলাকালে বা পাঠশেষে শিক্ষক লিখিতভাবে শিক্ষার্থীকে প্রশ্নাবলি ব্যবহার করে মূল্যায়ন করবেন। ● সহমর্মিতা কী? বুঝিয়ে লেখ। ● সকলের প্রতি উদারতা দেখানোর উপকারিতা কী? ● উপাসনা করার ৩টি পদ্ধতির নাম লেখ।
ধর্মীয় অনুশাসন চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● দেব-দেবীর পূজা ● পূজা-পার্বণ ● উপাসনা ও প্রার্থনা ● উপবাস ● মন্দির ও তীর্থক্ষেত্র পরিদর্শন ● জীবসেবা	মৌখিক ও পর্যবেক্ষণ (১ম–৫ম)	প্রশ্নাবলি (চেকলিস্ট) পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত ধর্মীয় রীতি-নীতি ও আচার-আচরণ অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। শিক্ষার্থীর শিখন দুর্বলতা চিহ্নিত করে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ করবেন। পুনর্মূল্যায়নের মাধ্যমে শিখনফল নিশ্চিত করবেন। যেমন- ● দেব-দেবীর প্রতি শ্রদ্ধা প্রদর্শন অনুশীলন। ● তীর্থক্ষেত্রের প্রতি শ্রদ্ধা প্রদর্শন অনুশীলন। ● আমরা কেন জীবসেবা করি?
নৈতিক গুণাবলি চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● সকল সৃষ্টিকে ভালোবাসা ● বিবাদ না করা ● পরমতসহিষ্ণুতা ● অহিংসা আচরণ ও পরোপকার করা ● দেশকে ভালোবাসা	পর্যবেক্ষণ (১ম–৫ম)	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত নৈতিক গুণাবলি যথাযথভাবে অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- ● সকল সৃষ্টিকে ভালোবাসার মধ্য দিয়ে কাকে ভালোবাসা হয়? ● অহিংসা আচরণ বলতে কী বোঝায়? ● দেশপ্রেমিকের কয়েকটি গুণের কথা উল্লেখ কর।

ধারাবাহিক মূল্যায়ন নম্বর বিভাজন ছক

(প্রথম থেকে পঞ্চম শ্রেণি)

শ্রেণির রোল নম্বর	শিক্ষার্থীর নাম	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	মোট নম্বর ৩০

ফলাফল সংরক্ষণ ছক

রোল নম্বর	শিক্ষার্থীর নাম	ধারাবাহিক মূল্যায়ন													সামষ্টিক মূল্যায়ন					মন্তব্য
		প্রথম সাময়িক (ক)				দ্বিতীয় সাময়িক (খ)				তৃতীয় সাময়িক (গ)										
		১ম মাস	২য় মাস	৩য় মাস	গড়	১ম মাস	২য় মাস	৩য় মাস	গড়	১ম মাস	২য় মাস	৩য় মাস	গড়	ক+খ+গ এর গড়	১ম সাময়িক	২য় সাময়িক	৩য় সাময়িক	গড়	মোট প্রাপ্ত নম্বর (ধারাবাহিক + সামষ্টিক)	

পরিশিষ্ট

ধারাবাহিক মূল্যায়ন (নমুনা প্রশ্ন)
মৌখিক চেকলিস্ট

প্রথম শ্রেণি

১। সবকিছু সৃষ্টি করেছেন কে?
২। ঈশ্বরকে ভালোবাসলে কী হয়?
৩। ধন ও ঐশ্বর্যের দেবী কে?
৪। মহাপুরুষের জীবনীপাঠে আমাদের কী হয়?
৫। সম্প্রীতি থাকলে জীবন কীরূপ হয়?

দ্বিতীয় শ্রেণি

১। মানুষের একটি নৈতিক শিক্ষার কথা বল।
২। স্বরস্বতী দেবীর হাতে বীণা থাকায় তাকে কী বলা হয়?
৩। মহৎ গুণের অধিকারী এরূপ মানুষকে কী বলে?
৪। আমাদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী?
৫। সততা আমাদের কীভাবে শক্তিশালী করে?

ধারাবাহিক মূল্যায়ন (নমুনা প্রশ্ন)

তৃতীয় শ্রেণি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
বিষয়জ্ঞান	মহাপুরুষ ও মহীয়সী নারী	মৌখিক ও লিখিত	প্রশ্নাবলি চেকলিস্ট)	১। কয়েকজন মহাপুরুষের নাম বল। ২। বিবেকানন্দের বাল্য জীবন থেকে আমরা কী শিক্ষা পাই?
	ধর্মগ্রন্থ			১। ধর্মগ্রন্থে কী থাকে? ২। আমরা ধর্মগ্রন্থ পড়ব কেন?

চতুর্থ শ্রেণি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
বিষয়জ্ঞান	স্বাস্থ্যরক্ষা ও আসন	মৌখিক ও লিখিত	প্রশ্নাবলি চেকলিস্ট)	১। স্বাস্থ্য বলতে কী বোঝায়? ২। আমরা যোগব্যায়াম কেন করব?
	শ্রদ্ধা ও সহনশীলতা			১। সহনশীলতা কী? ২। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর প্রতি কীরূপ আচরণ করবে?

পঞ্চম শ্রেণি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
বিষয়জ্ঞান	দেশপ্রেম	মৌখিক ও লিখিত	প্রশ্নাবলি চেকলিস্ট)	১। দেশপ্রেম কী? ২। দেশ ও জাতির চালিকা শক্তি কী? ৩। বিদুলার কাহিনী থেকে আমরা কী শিক্ষা পাই?
	ঐতিহ্য ও সংস্কৃতি			১। সংস্কৃতি বলতে কী বোঝায়? ২। দোলযাত্রার মাধ্যমে আমরা কী শিক্ষা পাই? ৩। ঐতিহ্য থেকে আমরা কী শিক্ষা পাই?

পর্যবেক্ষণ চেকলিস্ট (১ম থেকে ৫ম শ্রেণি)

- দেব-দেবীর প্রতি কীভাবে শ্রদ্ধা দেখাবে?
- মহাপুরুষদের ছবির প্রতি কীভাবে শ্রদ্ধা দেখাবে?
- সরস্বতী দেবীর প্রণাম মন্ত্র পাঠ কর।
- দেব-দেবী দর্শনের সময় তুমি কীভাবে প্রণাম জানাবে?
- দেবী দুর্গার প্রণাম মন্ত্র পাঠ কর।
- মন্দিরে গিয়ে তুমি কীভাবে দাঁড়াবে?
- উপাসনা করার সময় কীভাবে বসবে? (পদ্মাসন ও সুখাসন করে দেখাবে)
- রবীন্দ্রনাথ ঠাকুরের প্রার্থনামূলক কবিতাটি আবৃত্তি কর।

নৈতিক গুণাবলি চর্চা

পর্যবেক্ষণ চেকলিস্ট (১ম-৫ম শ্রেণি)

- সহপাঠী ও বন্ধুবান্ধবদের সাথে মেলামেশা করে কিনা
- সকলের প্রতি নম্র ও ভদ্র আচরণ করে কিনা
- সবসময় সত্য কথা বলার অভ্যাস আছে কিনা
- অন্যকে অগ্রাধিকার দেওয়ার প্রবণতা দেখা যায় কিনা
- দেশের প্রতি ভালোবাসা প্রদর্শন করে কিনা
- সকল ধর্মের প্রতি শ্রদ্ধা ও সহনশীলতা প্রদর্শন করতে পারে কিনা
- ছোটদের স্নেহ ও আদর করে কিনা
- বড়দের সম্মান করে কিনা
- শিক্ষকদের সম্মান করে কিনা
- বিদ্যালয়ের নিয়ম-কানুন করে মেনে চলে কিনা
- জীবে দয়া করে কিনা
- বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সুন্দর ব্যবহার করে কিনা

সামষ্টিক মূল্যায়ন
মৌখিক চেকলিস্ট

প্রথম শ্রেণি

ক) নিচের প্রশ্নগুলোর উত্তর বল : ২ × ৫ = ১০

১। হিন্দুধর্ম অনুসারে বিশ্বস্রষ্টার নাম কী?
২। ঈশ্বরের আর একটি নাম বল।
৩। সরস্বতীর বাহন কে?
৪। শ্রীচৈতন্যের প্রচারিত ধর্মের নাম কী?
৫। মিলেমিশে থাকলে আমাদের কী হয়?

খ) খালি ঘরে সঠিক শব্দ বসিয়ে উত্তর বল : ২ × ৫ = ১০

১। পৃথিবীর মানুষ বিভিন্ন..... কথা বলে।
২। কার্ত্তিক..... সেনাপতি।
৩। শিশুকালে রামকৃষ্ণের নাম ছিল.....।
৪। শ্রীলোকনাথ ব্রহ্মচারীর নাম.....।

৫। আমরা..... একে অপরের বন্ধু।

দ্বিতীয় শ্রেণি

ক) নিচের প্রশ্নগুলোর উত্তর বল : ২ × ৫ = ১০

১। মানুষ, পশুপাখি, গাছপালাকে কেন ভালোবাসতে হবে?
২। গণেশের আর একটি নাম কী?
৩। বিবেকানন্দকে ছেলেবেলায় কী নামে ডাকত?
৪। মহাভারতের কয়টি পর্ব?
৫। একসঙ্গে মিলেমিশে থাকাকে কী বলে?

খ) খালি ঘরে সঠিক শব্দ বসিয়ে উত্তর বল : ২ × ৫ = ১০

১। আমরা গাছপালার..... করব।
২। দেব-দেবীরা আমাদের ..... করেন।
৩। লক্ষ্মীপূজা করলে..... পাওয়া যায়।
৪। রামায়ণে আছে..... রাজার কথা।
৫। কাশীরাম দাস বাংলায়..... রচনা করেন।

সামষ্টিক মূল্যায়ন (নমুনা প্রশ্ন)
৩য় থেকে ৫ম শ্রেণি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস	উদাহরণ
বিষয়জ্ঞান	মহাপুরুষ ও মহীয়সী নারী (৩য়)	লিখিত	প্রশ্নাবলি	১। স্বামী বিবেকানন্দের ছেলেবেলার নাম কী ? (জানা) ২। স্বামী বিবেকানন্দের উপদেশগুলো আমরা কেন পালন করব? (অনুধাবন) ৩। তোমার শ্রেণির বিশেষ চাহিদাসম্পন্ন শিশুকে তুমি কীভাবে সাহায্য করবে? (প্রয়োগ)
	শ্রদ্ধা ও সহনশীলতা (৪র্থ)		প্রশ্নাবলি	১। জীবের মধ্যে আত্মারূপে কে বিরাজ করেন? (জানা) ২। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর প্রতি আমরা কেন সহনশীল হবো? (অনুধাবন)
	গুরুভক্তি (৪র্থ)			৩। তুমি তোমার গুরুজনদের কীভাবে ভক্তি করবে? (প্রয়োগ)
	উপাসনা ও প্রার্থনা (৫ম)		প্রশ্নাবলি	১। উপাসনা ও প্রার্থনা কী? (জানা) ২। আমরা কেন উপাসনা করব? (অনুধাবন) ৩। তুমি কীভাবে উপাসনা কর তা লেখ? (প্রয়োগ)

বিঃ দ্রঃ সব অধ্যায় থেকে একই সাথে জানা, অনুধাবন ও প্রয়োগের প্রশ্ন নাও থাকতে পারে।

মূল্যায়ন সংশ্লিষ্ট পরিভাষা

বিষয়জ্ঞান : পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট যা কিছু আছে সেগুলো বিষয়। এই বিষয় সম্পর্কে জানাটাই বিষয়জ্ঞান। শিক্ষাসংশ্লিষ্ট যতগুলো টুলস আছে তার মধ্যে পাঠ্যপুস্তক প্রধান। আমাদের জানা বা জ্ঞানার্জনের জন্য যা কিছু নির্ধারিত সেই বিষয় থাকে পাঠ্যপুস্তকে। এই বিষয়জ্ঞান না হলে আমরা পরবর্তী পর্যায়ে পৌঁছাতে পারি না। বিষয়জ্ঞান হলেই আমরা আমাদের সুনির্দিষ্ট লক্ষ্যে উপনীত হতে পারি। প্রাথমিকভাবে বিষয়জ্ঞান অত্যাবশ্যক।

ধর্মীয় অনুশাসন চর্চা : অনুশাসন বলতে বোঝায় উপদেশ, আদেশ, নিয়ম ইত্যাদি। পাঠ্যপুস্তকে বিষয়সংশ্লিষ্ট যে সকল ধর্মীয় আদেশ, উপদেশ, রীতি, নিয়ম সম্পর্কে বিধিবিধান দেওয়া হয়েছে তা যথাযথভাবে অনুশীলন করাই ধর্মীয় অনুশাসন চর্চা। ধর্মীয় অনুশাসন মেনে চললে পরবর্তী লক্ষ্যে অর্থাৎ প্রত্যাশিত যোগ্যতা অর্জন সহজ হবে। অর্থাৎ মানবিক ও নৈতিক গুণাবলি অর্জনের পথ সুগম হবে।

নৈতিক গুণাবলি চর্চা : যথার্থ মানুষ হওয়ার জন্য কতগুলো গুণ অর্জন করতে হয়। এগুলোকে নৈতিক গুণ বলা হয়। যেমন- সকলকে ভালোবাসা, পরধর্ম ও পরমতের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, অহিংসা আচরণ করা, কারও প্রতি হিংসা-বিদ্বেষ না করা, বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সুন্দর ব্যবহার করা, পরোপকার করা, সত্যকথা বলা ইত্যাদি। এ গুণগুলো অন্তরের উপলব্ধি ও অনুধাবনের সঙ্গে সম্পৃক্ত। প্রাত্যহিক আচার-আচরণে নিয়মিত অনুশীলনেই কেবল এ গুণগুলো অর্জন করা যায়। সুনাগরিক, ভালো মানুষ তথা বিশ্ব মানব হওয়ার জন্য নৈতিক গুণাবলি অর্জন একান্ত প্রয়োজন।

পরিশিষ্ট

পঞ্চম শ্রেণি
প্রথম সাময়িক পরীক্ষা
পূর্ণমান- ৭০
সময় : ২.৩০ মিনিট
অধ্যায় : প্রথম থেকে চতুর্থ অধ্যায় পর্যন্ত

(ক) শূন্যস্থান পূরণ কর ১ × ৫ = ৫

১। ধর্মসাধনা ও বিদ্যাচর্চায় সময় কাটাতেন .....।
২। জীবজন্তু ও গাছপালা পরিচর্যার মধ্য দিয়েও ..... সেবা করা যায়।
৩। রাজা দশরথের পুত্ররূপে রাম নামে আবির্ভূত হন .....।
৪। ঈশ্বরের রূপ, গুণ ও মাহাত্ম্য কীর্তন করাই হচ্ছে .....।
৫। শ্রদ্ধাবান ও সংযমীরাই জ্ঞান লাভ করেন ..... একথা বলা হয়েছে।

(খ) মিলকরণ ১ × ৫ = ৫

ডান পাশ থেকে শব্দ এনে বাম পাশের শব্দের সঙ্গে মেলাও :

১। 'জীবে প্রেম করে যেইজন,	ভগবান বিষ্ণু।
২। ঋচীকের পৌত্র এবং জমদগ্নির পূত্ররূপে জন্মগ্রহণ করেন	উপাসনার সময়।
	বিষ্ণু।
৩। আমরা ঈশ্বরের স্তুতি বা প্রশংসা করি	সেইজন সেবিছে ঈশ্বর।'
৪। আত্মারূপে সকল জীবের মধ্যে বিরাজমান	প্রার্থনার সময়।
৫। ধর্ম, দর্শন, নৈতিকতা, ভক্তি, শ্রদ্ধা ইত্যাদি শিক্ষা দেওয়া হয়েছে	উপাখ্যানের মাধ্যমে।
	ভাগবতপুরাণ থেকে।

(গ) বহুনির্বাচনি প্রশ্ন ১ × ২০ = ২০

সঠিক উত্তরটির পাশে টিক (√) চিহ্ন দাও।

১। ঈশ্বরের প্রকাশকে কীভাবে প্রত্যক্ষ করা যায়?
ক. শক্তি ও গুণের মাধ্যমে
খ. শক্তি ও আচরণের মাধ্যমে
গ. শক্তি ও বুদ্ধির মাধ্যমে
ঘ. শক্তি ও যোগাযোগের মাধ্যমে

২। জীবসেবার আরেক নাম কী?
ক. কর্ম
খ. ধর্ম
গ. পরিচর্যা
ঘ. শান্তি

৩। 'সর্বং খল্বিদং ব্রহ্ম' এর অর্থ কী?
ক. ঈশ্বরের সাকার
খ. ঈশ্বরের অবতার
গ. ব্রহ্মা বা ঈশ্বর
ঘ. কূর্ম অবতার

৪। দেবী স্বরসতীর দান কোনটি?
ক. বিবেক
খ. বুদ্ধি
গ. সততা
ঘ. বিদ্যা

৫। কী উদ্দেশ্যে শ্রীবিষ্ণুর কল্কিরূপে আবির্ভাব ঘটবে?
ক. অত্যাচারীকে দমন করার জন্য
খ. দৈত্যরাজকে হত্যা করার জন্য
গ. বেদ সংরক্ষণের জন্য
ঘ. অহংকারী রাজাকে দমন করার জন্য

৬। 'জীবসেবা' এবং 'অহিংসা পরম ধর্ম'– কোন অবতারের মূল কথা এটি?
ক. কল্কি
খ. বুদ্ধ
গ. রাম
ঘ. বলরাম

৭। পরশুরাম কাদের বিরুদ্ধে যুদ্ধ করেন?
ক. হিরণ্যকশিপু
খ. দৈত্যরাজ হিরণ্যাক্ষক
গ. অত্যাচারী ক্ষত্রিয়
ঘ. অহংকারী রাজা

৮। উপাসনা করার জন্য কোন পদ্ধতি বিশেষভাবে উপযোগী?
ক. পদ্মাসন ও সুখাসন
খ. পদ্মাসন ও শবাসন
গ. সুখাসন ও বীরাসন
ঘ. সুখাসন ও হলাসন

৯। বিপদে পড়লে আমাদের কোনটি করা উচিত?
ক.অন্যের নিকট সাহায্য চাওয়া
খ. ঈশ্বরের নিকট প্রার্থনা করা
গ. নিজে নিজে দুঃখ পাওয়া
ঘ. কৃতকার্যের জন্য আফসোস করা

১০। কোনটি 'সনাতন' শব্দের একটি অর্থ প্রকাশ করছে?
ক. স্বল্পস্থায়ী
খ. ক্ষণস্থায়ী
গ. চিরস্থায়ী
ঘ. দীর্ঘস্থায়ী

১১। রাতে তুমি কোন নামটি বলে ঘুমাতে যাও ?
ক. ঈশ্বর
খ. নারায়ণ
গ. পরশুরাম
ঘ. পদ্মনাথ

১২। শরীর ও মনের সুস্থতার জন্য কোনটি উপযোগী?
ক. নিত্যকর্ম
খ. প্রাতঃকৃত
গ. মধ্যাহ্নকৃত
ঘ. রাত্রিকৃত

১৩। যাঁরা পূণ্য করে তারা মৃত্যুর পর কোথায় যান?
ক. নরকে
খ. স্বর্গে
গ. পৃথিবীতে
ঘ. রৌরবে

১৪। মোক্ষলাভ করার জন্য কী করা প্রয়োজন?
ক. নিজের ভালো চিন্তা করা
খ. নিজের চাওয়া পাওয়া পূর্ণ করা
গ. অপরের ক্ষতি না করা
ঘ. পরোপকার না করা

১৫। গুরুত্বের দিক থেকে কোন গ্রন্থটি বিশেষ মর্যাদা পেয়েছে?

ক. পুরাণ খ. উপনিষদ
গ. আরণ্যক ঘ. গীতা

১৬। ধ্রুব উপাখ্যান থেকে আমরা কোন নৈতিক শিক্ষাটি পাই?
ক. পিতা-মাতাকে শ্রদ্ধা করা খ. নিষকাম কর্ম করা
গ. ঈশ্বরের নামে সকল কর্ম করা ঘ. শ্রুতির মাধ্যমে শেখা

১৭। স্বামী প্রণবানন্দের প্রকৃত নাম কী?
ক. গোবিন্দানন্দ খ. বিনোদ
গ. প্রণবানন্দ ঘ. আনন্দ

১৮। ভারতকে 'ধাত্রী দেবতা' রূপে কে গ্রহণ করেছিলেন?
ক. অরুণধতী খ. মা আনন্দময়ী
গ. নিবেদিতা ঘ. মা মেরী

১৯। 'বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর'– কথাটির অর্থ কী?
ক. ঈশ্বরের একরূপ খ. ঈশ্বর নিরাকার
গ. পীড়িত ও আর্তের সেবা ঘ. ঈশ্বরের বহুরূপে বিরাজ

২০। ঈশ্বর যখন নিরাকার তখন তাকে কী বলে?
ক. ভগবান খ. ব্রহ্ম
গ. অবতার ঘ. ব্রহ্মা

(ঘ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ৩ × ৫ = ১৫

১। 'উঞ্ছবৃত্তি' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। (অনুধাবন)
২। পরমাত্মা ও আত্মার মধ্যে পার্থক্য নিরূপণ কর। (অনুধাবন)
৩। ভগবান বলতে কী বোঝায়? (জানা)
৪। উপাসনা করার পদ্ধতিগুলোর নাম লেখ। (জানা)
৫। বৈদিক ধর্ম কাকে বলে? বেদের কয়টি অংশ ও কী কী? (জানা)
৬। বেদসংহিতা কী? (জানা)
৭। নিবেদিতার জীবনী থেকে আমরা কী শিক্ষা পাই? (জানা)

(ঙ) বর্ণনামূলক প্রশ্ন ৫ × ৫ = ২৫

১। ভগবান বিষ্ণুর মৎস্য ও কূর্ম অবতাররূপে প্রকাশ করার তিনটি করে কারণ উল্লেখ কর। (জানা)
২। ঈশ্বর ও দেবতা বলতে কী বোঝায়? (জানা)
৩। উপাসনা ও প্রার্থনার সম্পর্ক ব্যাখ্যা কর। (অনুধাবন)
৪। তুমি কীভাবে উপাসনা কর তার একটি তালিকা তৈরি কর। (প্রয়োগ)
৫। চিরমুক্তি বা মোক্ষলাভই হিন্দুধর্মের মূল লক্ষ্য– বাক্যটি বিশ্লেষণ কর। (উচ্চতর দক্ষতা)
৬। 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।' কথাটি বুঝিয়ে লেখ। (অনুধাবন)
৭। বিনোদ ছেলেবেলায় কার ভক্তছিলেন এবং বিনোদের নাম 'স্বামী প্রণবানন্দ' হয় কীভাবে? (অনুধাবন)

দিন : ৮ম

অধিবেশন : ৪র্থ

সময় : ৪৫ মিনিট (৯.৪৫-১০.৩০)

অধিবেশনের শিরোনাম : ৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের বিস্তৃত শিক্ষাক্রম পরিচিতি।

উদ্দেশ্য :

১। ৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তু সম্পর্কে বলতে পারা ।

২। ৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল শনাক্ত করতে পারা ।

সহায়ক উপকরণ :

- মাল্টিমিডিয়া
- শিক্ষাক্রম
- হোয়াইট বোর্ড
- পুশপিন বোর্ড
- মার্কার
- পোস্টার পেপার
- সাইনপেন
- পাঠ্যপুস্তক

কাজ : ১

৩ য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তু সম্পর্কে বলতে পারা । ২৫ মিনিট

সহায়কের কার্যাবলি :

- অংশগ্রহণকারীদের ৫টি দলে ভাগ করে প্রতি দলে একটি করে শিক্ষাক্রম সরবরাহ করুন। ২টি দলকে ৩য় শ্রেণির, ২টি দলকে ৪র্থ শ্রেণির এবং ১টি দলকে ৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তু দেখতে বলুন।
- দৈবচয়নের মাধ্যমে নিম্নরূপ প্রশ্ন করে অংশগ্রহণকারীদের ধারণা জেনে নিন।
  - হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিক যোগ্যতা কয়টি?
  - শিখনফলভিত্তিক বিষয়বস্তু সংযোজিত হয়েছে কিনা?
- power point এর মাধ্যমে বিস্তৃত শিক্ষাক্রম প্রদর্শন করে সকলের ধারণা স্পষ্ট করুন।

কাজ : ২

৩ য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল শনাক্ত করতে পারা । ২০ মিনিট

সহায়কের কার্যাবলি :

- পূর্বের দল অপরিবর্তিত রেখে দলে শিক্ষাক্রম ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন।
- ২টি দলকে ৩য় শ্রেণির, ২টি দলকে ৪র্থ শ্রেণির এবং ১টি দলকে ৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের পাঠ্যপুস্তক থেকে ১টি বিষয়বস্তু নির্বাচন করতে বলুন।
- নির্ধারিত শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের যে কোনো একটি পাঠের প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল শনাক্ত করতে বলুন।
- শিখনফল অর্জনে বিষয়বস্তু কতটা সঙ্গতিপূর্ণ তা দলে আলোচনা করে লিখতে বলুন।
- দলীয় কাজ উপস্থাপন করতে বলুন। প্রয়োজনে ফলাবর্তন দিয়ে সকলের ধারণা স্পষ্ট করুন।

দিন : ৮ম

অধিবেশন : ৫ম

সময় : ১.২০ মিনিট (১১.০০-১২.২০)

অধিবেশনের শিরোনাম : ৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি।

উদ্দেশ্য :

১। ৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ও কাঠামো বলতে পারা।

২। ৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য ও কাঠামো বলতে পারা।

প্রশিক্ষণ সামগ্রী/সহায়ক উপকরণ

- পাঠ্যপুস্তক
- শিক্ষক সংস্করণ
- মাল্টিমিডিয়া
- পোষ্টার পেপার
- হোয়াইট র্বোড
- মার্কার
- পুশপিন বোর্ড
- তথ্যপত্র

কাজ : ১

৩য়-৫ম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য বলতে পারা। ২০ মিনিট

সহায়কের কার্যাবলি :

- অংশগ্রহণকারীদের ৫টি দলে ভাগ করে ২টি দলে ৩য় শ্রেণি, ২টি দলে ৪র্থ শ্রেণি ও ১টি দলে পঞ্চম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ্যপুস্তক ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন।
- প্রতি দলে নির্ধারিত পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্যসমূহের তালিকা তৈরি করতে বলুন ।
- প্লেনারিতে দলীয় কাজ উপস্থাপন করাত বলুন।

- তথ্যপত্রের আলোকে তৈরিকৃত পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য পাওয়ার পয়েন্টে প্রদর্শন করে অংশগ্রহণকারীদের ধারণা স্পষ্ট করুন।

কাজ : ২

পাঠ্যপুস্তকের কাঠামো সম্পর্কে বলতে পারা। ২০ মিনিট

সহায়কের কার্যাবলি :

- পূর্বের দল পরিবর্তন না করে পাঠ্যপুস্তক পরিবর্তন করে সকলকে পাঠ্যপুস্তকের কাঠামো দলে আলোচনা করতে বলুন।
- দলে খাতায় পাঠ্যপুস্তকের কাঠামো ধারাবাহিকভাবে লিখতে বলুন।
- অংশগ্রহণকারীদের মধ্য থেকে একজনকে বোর্ডে ডেকে আনুন।
- প্রত্যেক দল থেকে এককভাবে কাঠামো পয়েন্ট আকারে জেনে নিন এবং নির্বাচিত অংশগ্রহণকারীকে তা বোর্ডে লিখতে বলুন। পুনরাবৃত্তি না করে অংশগ্রহণকারী সকলের কাছ থেকে উত্তর জেনে নিন এবং বোর্ডে লিখতে সহায়তা করুন।
- পূর্বে তৈরিকৃত কাঠামো পাওয়ার পয়েন্টে প্রদর্শন করুন। মুক্ত আলোচনায় সকলের ধারণা স্পষ্ট করুন।

কাজ : ৩

শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য সম্পর্কে বলতে পারা। ১৫ মিনিট

সহায়কের কার্যাবলি :

- অংশগ্রহণকারীদের ৫টি দলে ভাগ করে ২টি দলে ৩য় শ্রেণি, ২টি দলে ৪র্থ শ্রেণি ও ১টি দলে পঞ্চম শ্রেণির শিক্ষক সংস্করণ ও তথ্যপত্রসহ প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন।
- প্রতি দলে নির্ধারিত শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য লিখতে বলুন এবং প্রতি দল থেকে শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য সম্পর্কে তাদের লেখা বলতে দিন।
- তথ্যপত্রের আলোকে তৈরিকৃত শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য পাওয়ার পয়েন্টে প্রদর্শন করে অংশগ্রহণকারীদের ধারণা স্পষ্ট করুন।

কাজ : ৪

শিক্ষক সংস্করণের কাঠামো সম্পর্কে বলতে পারা। ২৫ মিনিট

সহায়কের কার্যাবলি :

- অংশগ্রহণকারীদের পূর্বের দল ঠিক রেখে প্রতি দলে একইভাবে শিক্ষক সংস্করণ ও প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন।
- প্রতি দলকে নিজ নিজ দলের শিক্ষক সংস্করণের কাঠামো শনাক্ত করতে বলুন।
- প্রতি দলে পাঠ্যপুস্তকের ১টি করে বিষয়বস্তু নির্বাচন করে কাঠামো অনুযায়ী পোস্টার পেপারে লিখতে বলুন।
- প্রত্যেক দলের কাজ উপস্থাপন করতে বলুন। প্রয়োজনীয় ফলাবর্তন দিয়ে সকলের ধারণা স্পষ্ট করুন।

তথ্যপত্র

‘পাঠ্যপুস্তক পরিচিতি’

'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ে প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের জন্য নির্ধারিত পাঠ্যপুস্তক নেই। সে ক্ষেত্রে শিক্ষককে সহায়তা করার জন্য প্রণয়ন করা হয়েছে শিক্ষক নির্দেশিকা।

'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে পাঠদানের জন্য তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য তিনটি পাঠ্যপুস্তক প্রণীত হয়েছে।

পাঠ্যপুস্তকের বিষয়বস্তু নির্ধারণের ক্ষেত্রে কয়েকটি দিক নির্দেশক রয়েছে।

আমরা জানি, প্রান্তিক যোগ্যতার ভিত্তিতে নির্ধারণ করা হয় শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা। অর্থাৎ একটি শ্রেণির পাঠ সমাপ্ত কাল একজন শিক্ষার্থীর কাছে প্রত্যাশিত জ্ঞানই হচ্ছে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা। শ্রেণিভিত্তিক যোগ্যতা অর্জনের মাপকাঠিজড়িত শিখনফল। শিখনফল গুলো অর্জন করতে পারলে আমরা এই মর্মে আশ্বস্ত হবো যে শিক্ষার্থী তার শ্রেণিভিত্তিক যোগ্যতা অর্জন করেছে।

আর শিখনফলগুলো প্রতিফলিত করেই রচিত হয় পাঠ্যপুস্তক। এ পদ্ধতি অনুসরণ করেই 'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তক প্রণীত হয়েছে।

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষযে ৯টি প্রান্তিক যোগ্যতার ভিত্তিতে শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। ক্ষেত্রবিশেষে একটি প্রান্তিক যোগ্যতাকে একাধিক অর্জন উপযোগী যোগ্যতায় বিভক্ত করা হয়েছে। আবার একটি অর্জন উপযোগী যোগ্যতা থেকে অনেকগুলো শিখন ফল প্রণয়ন করা হয়েছে।

প্রান্তিক যোগ্যতা ও অর্জন উপযোগী যোগ্যতা সামনে রেখে হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষায় তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির প্রতিটি পাঠ্যপুস্তককে ৯টি অধ্যায় বিভক্ত করা হয়েছে। প্রয়োজনবোধে একটি অধ্যায়কে একাধিক পরিচ্ছেদে বিভক্ত করা হয়েছে।

এ পাঠ্যপুস্তকগুলোর বিন্যাস নিম্নরূপ:

১. অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম।
২. পরিচ্ছেদ (প্রয়োজনে) ও পরিচ্ছেদের শিরোনাম ।
৩. অনুশীলনী। অনুশীলনীতে বয়েছে দুপ্রকারের প্রশ্ন : নৈর্ব্যক্তিক প্রশ্ন ও রচনামূলক প্রশ্ন। রচনামূলক প্রশ্নগুলো দুপ্রকার : সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ও বর্ণনা বা আলোচনামূলক প্রশ্ন। পরিমার্জিত শিক্ষাক্রম (২০১১) অনুসারে প্রণীত হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের পাঠ্যপুস্তকের কয়েকটি বিশেষ বৈশিষ্ট্য রয়েছে।

(ক) শিক্ষার্থীরা ধর্ম শিক্ষার মাধ্যমে নৈতিক শিক্ষা অর্জন করবে এটা প্রধান লক্ষ্য। তাই পরিমার্জিত শিক্ষাক্রমে ধর্ম বিষয়ক পাঠ্যপুস্তকগুলোর নামকরণে ধর্ম শিক্ষার সঙ্গে যুক্ত হয়েছে নৈতিক শিক্ষা। পাঠ্যপুস্তকের নতুন নামকরণ করা হয়েছে 'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা'। আর নৈতিক শিক্ষায় গুরুত্ব প্রদানের জন্য প্রতিটি পাঠের নৈতিক গুরুত্ব কী তার উল্লেখ করা হয়েছে। পূর্ববর্তী শিক্ষাক্রম অনুসারে রচিত পাঠ্যপুস্তকসমূহে নৈতিক শিক্ষার বিষয়টি প্রতিটি পাঠে পৃথক পৃথকভাবে সন্নিবেশিত ছিল না।

(খ) পরিমার্জিত শিক্ষাক্রমে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে 'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ক পাঠ্যপুস্তকে একই বিষয়বস্তুর পুনরাবৃত্তি না করে বিভিন্ন শ্রেণিতে পৃথকভাবে উপস্থাপন করা হয়েছে।

যেমন- ঈশ্বরের বিষয়ক পাঠের ক্ষেত্রে তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায়ের বিষয়বস্তু হচ্ছে স্রষ্টা ও সৃষ্টি। এ বিষয় পুনরাবৃত্তি না করে চতুর্থ শ্রেণির পাঠ্যপুস্তকে প্রথম অধ্যায়ের বিষয়বস্তু 'ঈশ্বর সর্বশক্তিমান'। তৃতীয় শ্রেণিতে শিক্ষার্থী অনুধাবন করবে স্রষ্টার সঙ্গে সৃষ্টির সম্পর্ক, চতুর্থ শ্রেণিতে জানবে ঈশ্বরের সর্বশক্তিমানতা, পঞ্চম শ্রেণিতে একই ঈশ্বর বিষয়ে পাঠের (প্রথম অধ্যায়ে) শিরোনাম 'ঈশ্বর ও জীবসেবা' জীবের মধ্যেই আত্মারূপে ঈশ্বর বিরাজ মান। তাই জীবের সেবাই ঈশ্বরের সেবা। এ অধ্যায়ের নৈতিক দিকটি হলো জীবের মধ্যে ঈশ্বরের অবস্থান – এ কথা উপলব্ধি করে শিক্ষার্থী জীবের সেবা করতে উদ্বুদ্ধ হবে।

অপরাপর অধ্যায়সমূহের ক্ষেত্রেও এ পদ্ধতি অনুসৃত হয়েছে। পূর্ববর্তী শিক্ষাক্রমে বিভিন্ন শ্রেণির পাঠ্যপুস্তকে একই বিষয়ে সংক্ষিপ্ত থেকে বিস্তৃত আকারে সন্নিবেশিত করা হয়েছিল। এটা জ্ঞানের ক্ষেত্রে ভিন্নতা সৃষ্টির অন্তরায় ছিল। ছিল এক ধরনের একঘেয়েমি – যা শিশুশিক্ষার্থীর জন্য ছিল অনাকর্ষণীয়।

(গ) পরিমার্জিত শিক্ষাক্রম অনুসারে হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তকে আরেকটি বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে বিষয়বস্তু কিছুটা সন্নিবেশিত করার পর ঐ-টুকুর ভিত্তিতে শিক্ষার্থীদের একক বা দলীয় কাজের ব্যবস্থা রাখা হয়েছে। কখনো তা সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন। যেমন-

পঞ্চম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায়ে মাঝামাঝি এসে প্রশ্ন সংযোজিত হয়েছে : তোমার নিজের বা অন্যের জীবসেবার ঘটনা বর্ণনা কর। এর মধ্যে দিয়ে শিক্ষার্থীর সৃজনশীলতা প্রকাশ পাবে। একই অধ্যায়ে 'দরিদ্র ব্রাহ্মণের জীবসেবা- শীর্ষক একটি উপাখ্যান প্রদত্ত হয়েছে। এর মধ্যে একটি শব্দ আছে উঞ্ছবৃত্তি। শিক্ষক এ বিষয়ে আলোচনা করার পর যাতে প্রশ্ন করতে পারেন তার ব্যবস্থা পাঠ্যপুস্তকই রাখা হয়েছে। উঞ্ছবৃত্তি কী ?

সর্বশেষে অনুশীলনীতো রয়েছেই। আমরা উদাহরণস্বরূপ তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তক 'হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা। বিষয়বস্তুর দিকে তাকাতে পারি :

প্রথম অধ্যায় : স্রষ্টা ও সৃষ্টি

দ্বিতীয় অধ্যায় : দেব-দেবী ও পূজা

তৃতীয় অধ্যায় : মহাপুরুষ, মহীয়সী নারী এবং ধর্মগ্রন্থ; যেহেতু এ অধ্যায়ে দুটি পৃথক বিষয়বস্তু রয়েছে সুতরাং অধ্যায়টিকে দুটি পরিচ্ছেদে বিভক্ত করা হয়েছে।

প্রথম পরিচ্ছেদ : মহাপুরুষ ও মহীয়সী নারী
দ্বিতীয় পরিচ্ছেদ : ধর্মগ্রন্থ

চতুর্থ অধ্যায় : সহমর্মিতা
পঞ্চম অধ্যায় : নম্রতা, ভদ্রতা ও অগ্রাধিকার
ষষ্ঠ অধ্যায় : সততা ও সত্যবাদিতা

প্রথম পরিচ্ছেদ : সততা
দ্বিতীয় পরিচ্ছেদ : সত্যবাদিতা

সপ্তম অধ্যায় : স্বাস্থ্যরক্ষা ও আসন
অষ্টম অধ্যায় : দেশপ্রেম
নবম অধ্যায় : মন্দির ও তীর্থক্ষেত্র

এ অধ্যায়গুলোর প্রত্যেকটি থেকে সুনির্দিষ্ট নৈতিক জ্ঞান অর্জিত হবে এবং শিক্ষার্থীর আচরণে ঘটবে তার প্রতিফলন। যেমন – সহমর্মিতা সম্পর্কে জেনে শিক্ষার্থী সহমর্মী হবে উদ্বুদ্ধ হবে। মহাপুরুষদের জীবন ও কর্ম সম্পর্কে জেনে সে ঈশ্বরে ভক্তিমান এবং নিজে তাঁদের নৈতিক গুণাবলি অর্জন করতে উদ্বুদ্ধ হবে।
চতুর্থ ও পঞ্চম শ্রেণির হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ্যপুস্তক সম্পর্কেও একই বক্তব্য প্রযোজ্য।

পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য

১। কাঙ্ক্ষিত যোগ্যতা বা লক্ষ্য অর্জনের জন্য পাঠ্যপুস্তক প্রধান সহায়ক। একথা মনে রেখে পাঠ্যপুস্তক প্রণীত হয়েছে।
২। পাঠ্যপুস্তককে কয়েকটি অধ্যায়ে ভাগ করা হয়েছে। প্রতি অধ্যায়ে সুনির্দিষ্ট বিষয়বস্তু লিপিবদ্ধ হয়েছে। অধ্যায়ের শিরোনাম, প্রয়োজনে পরিচ্ছেদ এবং পরিচ্ছেদের শিরোনাম দেওয়া হয়েছে।
৩। সুনির্দিষ্ট শিখনফল এবং অর্জন উপযোগী যোগ্যতার ভিত্তিতে শ্রেণি অনুযায়ী পাঠ্যপুস্তকের বিষয়বস্তু নির্ণীত হয়েছে।
৪। পাঠ্যপুস্তককে আকর্ষণীয় করার জন্য প্রচুর রঙিন ছবি সন্নিবেশিত হয়েছে।

৫। একটি পাঠের মধ্যেই পাঠটিকে আকর্ষণীয় করার জন্য শিখন শেখানো কার্যাবলি অনুযায়ী একক, দলীয় কাজ এবং প্রশ্নোত্তর পর্ব রাখা হয়েছে।

৬। অনুশীলনীতে সংক্ষিপ্ত, বর্ণনামূলক এবং নৈর্ব্যক্তিক প্রশ্ন সন্নিবেশিত করা হয়েছে।

৭। ধর্মীয় শিক্ষার প্রধান উদ্দেশ্য নৈতিক গুণাবলি অর্জনে সমৃদ্ধ হওয়া। সেদিকে লক্ষ রেখে নৈতিক শিক্ষার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। প্রতিটি পাঠেই যথাসম্ভব কোনো বিশেষ নৈতিক শিক্ষা সম্পর্কিত বিষয়বস্তু সন্নিবেশিত হয়েছে। পাঠ্যপুস্তকের ধর্মশিক্ষা নামের সঙ্গে নৈতিক শিক্ষা সংযোজিত হয়েছে, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা।

৮। মুক্তিযুদ্ধের চেতনা সঞ্চারক এবং দেশাত্মবোধ জাগ্রত করার দিকে দৃষ্টি রাখা হয়েছে।

৯। ব্যবহারিক এবং অনুশীলনমূলক কাজের সুযোগ বৃদ্ধি করা হয়েছে।

১০। একই বিষয়বস্তুর পুনরাবৃত্তি না করে বিভিন্ন শ্রেণিতে পৃথক বিষয়বস্তু উপস্থাপিত হয়েছে।

শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য

১। শিক্ষককে সহায়তা করার জন্য সম্পূর্ণ পাঠ্যপুস্তক দেওয়া হয়েছে।

২। অর্জন উপযোগী যোগ্যতাসমূহ ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে।

৩। শিখনফল লিপিবদ্ধ করা হয়েছে।

৪। সম্পূর্ণ পাঠকে ছোট ছোট অংশে বিভক্ত করা হয়েছে।

৫। প্রত্যেক অধ্যায়ের বিষয়বস্তুকে কয়েকটি পাঠে ভাগ করা হয়েছে।

৬। নৈতিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে প্রতিটি পাঠে নৈতিক শিক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা করা হয়েছে।

৭। পাঠকে আকর্ষণীয় এবং সহজে বোধগম্য করার জন্য সহায়ক উপকরণের উল্লেখ করা হয়েছে।

৮। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের কাছে পাঠটিকে সহজবোধ্য করার জন্য শিখন শেখানো কার্যাবলির নির্দেশনা দেওয়া হয়েছে।

দিন : ৮ম

অধিবেশন : ৬ষ্ঠ

সময় : ৪০ মিনিট (১২.২০-১.০০)

অধিবেশনের শিরোনাম : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রদর্শনী পাঠ ও অনুশীলনী পাঠ।

উদ্দেশ্য :

১। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের পাঠ পরিকল্পনার নির্ধারিত ছক অনুসরণ করে পাঠ উপস্থাপন করতে পারা।

প্রশিক্ষণ সামগ্রী/সহায়ক উপকরণ :

- পাঠ পরিকল্পনার ছক
- হোয়াইট বোর্ড
- মাল্টিমিডিয়া
- পোস্টার পেপার
- মার্কার
- পুশপিন বোর্ড, পুশপিন
- নির্দেশিকা কাঠি/পয়েন্টার

সহায়কের কার্যাবলি :

- হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার ছক অনুসরণ করে পূর্বে প্রণয়নকৃত পাঠ পরিকল্পনা উপস্থাপন করুন।
- অংশগ্রহণকারীদের মনোযোগ সহকারে পাঠ পর্যবেক্ষণ করতে বলুন।

- পাঠশেষে মাল্টিমিডিয়ায় পাঠ পরিকল্পনাটি প্রদর্শন করুন।
- মুক্ত আলোচনায় সকলের ধারণা স্পষ্ট করুন।

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ পরিকল্পনা

শ্রেণি – মোট শিক্ষার্থী – উপস্থিত সংখ্যা – তারিখ –	বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা পাঠের শিরোনাম : শ্রদ্ধা ও সহনশীলতা আজকের পাঠ : শ্রদ্ধা ও সহনশীলতা গুণের গুরুত্ব অপরিসীম সময় : ৩০ মিনিট

অর্জন উপযোগী যোগ্যতা :

১.১ বিভিন্ন ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধা ও সহনশীলতা প্রদর্শন করা যে, মানবিক গুণ, তা বর্ণনা করতে পারবে এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ সকলের প্রতি সহনশীল ও সহযোগিতামূলক আচরণ করতে পারবে।

শিখনফল :

৪.১.১ শ্রদ্ধা ও সহনশীলতার ধারণা ব্যাখ্যা করতে পারবে।
৪.১.২ মানবিক ও নৈতিক গুণ হিসেবে শ্রদ্ধা ও সহনশীলতার ধারণা ব্যাখ্যা করতে পারবে।

উপকরণ :

- শ্রদ্ধার সংজ্ঞা সংবলিত চার্ট
- একজন শিশু গুরুজনকে প্রণাম করে শ্রদ্ধা করছে – এমন চিত্র
- power point এর শ্রদ্ধার ভিডিও চিত্র (যদি সম্ভব হয়)

শিখন শেখানো কার্যাবলি :

শিক্ষকের কাজ	শিক্ষার্থীর কাজ	সময়
• শ্রেণিকক্ষে প্রবেশ করে কুশল বিনিময় করব। • প্রয়োজনে শ্রেণিবিন্যাস করব। • আবেগ সৃষ্টি করব। (কবিতা/গান/ছড়া/অভিনয় যে কোনো কৌশল প্রয়োগে)	• শিক্ষার্থীরাও কুশল বিনিময় করবে। • শিক্ষার্থীরা সহযোগিতা করবে। • শিক্ষার্থীরা সক্রিয় অংশগ্রহণ করবে।	৫ মিনিট
• আমি শিক্ষার্থীদের জিজ্ঞেস করব এই যে আমি ক্লাসে প্রবেশ করার পর তোমরা উঠে দাঁড়ালে – এটা কেন	• শিক্ষার্থীরা সম্ভাব্য উত্তর দেবে – শ্রদ্ধা / সম্মান	৫ মিনিট

শিক্ষকের কাজ	শিক্ষার্থীর কাজ	সময়
করলে? ● শিক্ষার্থীদের কাছ থেকে সম্ভাব্য উত্তর পাবার পর আমি বলব এই যে শ্রদ্ধা / সম্মানের কথা তোমরা বললে আজ আমরা এই 'শ্রদ্ধা' সম্বন্ধে বিস্তারিত জানব। এই বলে চকবোর্ডে 'শ্রদ্ধা ও সহনশীলতা' শিরোনাম লিখে দেব এবং পাঠ ঘোষণা করব।	জানালাম। ● শিক্ষার্থীরা নিজ নিজ খাতায় পাঠের শিরোনাম লিখে নেবে।	
● আজকের পাঠ সংশ্লিষ্ট একজন শিশুর গুরুজনকে প্রণাম ছবি দেখিয়ে নিম্নোক্ত প্রশ্ন করে ছবির বিষয়বস্তু বুঝতে সহায়তা করব। ● ছবিতে শিশুটি কী করছে? ● ছবি দেখে তোমরা কী বুঝেছ?	● শিক্ষার্থীরা ছবি দেখবে ও সম্ভাব্য উত্তর দেবে। ● শিশুটি গুরুজনকে প্রণাম করছে। ● ছবিতে বড়দেরকে ছোটরা সম্মান করছে তাই বোঝানো হয়েছে।	২ মিনিট
● এরপর আমি শ্রদ্ধা ও সহনশীলতার সংজ্ঞা সংবলিত চার্ট পুশপিন বোর্ডে টানিয়ে দিয়ে একজন শিক্ষার্থীকে এনে বলে পড়তে সহায়তা করব। ● আজকের পাঠ্যাংশ প্রশ্নোত্তরে আলোচনা করে বুঝতে সহায়তা করব। ১. শ্রদ্ধা বলতে কী বোঝ? ২. শ্রদ্ধাবোধ না থাকলে সমাজের কী অবস্থা হয়? ৩. সহনশীলতা কী? ৪. সহনশীলতার অভাবে সমাজের কী সমস্যা হয়? **পাঠ্যবই সংযোগ:** প্রশ্নোত্তরে আলোচনা শেষে আমি শিশু শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের নির্দিষ্ট পৃঃ খুলে আজকের পাঠ্যাংশ পড়তে বলব এবং প্রয়োজনে সহায়তা করব।	● শিক্ষার্থী পড়বে ও অন্য শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। ● শিক্ষার্থী প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবে এবং বিষয়বস্তু অনুধাবন করতে পারবে। ● শিক্ষার্থীরা নিজ নিজ পাঠ্যপুস্তক খুলবে এবং পাঠ্যাংশ পড়বে।	১০ মিনিট
মূল্যায়ন ● পাঠশেষে আজকের বিষয় কতটুকু অর্জিত হলো তা যাচাইয়ের জন্য নিম্নের প্রশ্ন করব। ● শ্রদ্ধা কথাটির অর্থ কী? ● অপরকে শ্রদ্ধা না করলে কী সমস্যা হয়? ● তুমি সহনশীল না হলে তোমার পরিবার / সমাজে কী সমস্যা হবে?	● শিক্ষার্থীরা উত্তর দেবে।	৫ মিনিট
যদি কোনো শিক্ষার্থী উত্তর দিতে না পারে তাহলে তাকে আমি অথবা পারগ শিক্ষার্থী দ্বারা সহায়তা করব। নির্ধারিত সময় শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে আজকের পাঠের সমাপ্তি ঘোষণা করব ও শ্রেণিকক্ষ ত্যাগ করব।	● পারগ শিক্ষার্থী সহায়তা করবে। অপারগ শিক্ষার্থী শিখনে অংশগ্রহণ করবে। ● শিক্ষার্থীরা উঠে দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করবে।	৩ মিনিট

বি: দ্র: অনেক পাঠে শিক্ষক প্রয়োজনে উপকরণ প্রদর্শন করেও পাঠ ঘোষণা করতে পারেন

অধিবেশনের শিরোনাম : অনুশীলনী পাঠ

সময় : ৪০ মিনিট

উদ্দেশ্য :

১. হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে পাঠ পরিকল্পনার ছক অনুসরণে একটি অনুশীলনী পাঠ পর্যবেক্ষণ করা।

উপকরণ :

পাঠ পরিকল্পনা, হোয়াইট বোর্ড, পুশপিন বোর্ড, মাল্টিমিডিয়া, ছবি / চিত্র, চার্ট, মার্কার

কার্যক্রম :

- সবাইকে শুভেচ্ছা জানিয়ে কার্যক্রম শুরু করুন (প্রয়োজনে প্রজেক্টরের মাধ্যমে ছবি / চিত্র দেখান)।
- সামগ্রিক প্রস্তুতি নিয়ে হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষার ওপর একটি অনুশীলনী পাঠ উপস্থাপন করুন।
- অংশগ্রহণকারীদের মনোযোগ সহকারে পাঠ পর্যবেক্ষণ করতে বলুন।
- পাঠশেষে মুক্ত আলোচনার ব্যবস্থা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে পাঠের সমাপ্তি টালুন।

হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ক পাঠ পরিকল্পনা

শ্রেণি – ২য়	**বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**
মোট শিক্ষার্থী –	**পাঠের শিরোনাম : ঈশ্বর ও দেব-দেবী**
উপস্থিত সংখ্যা –	**আজকের পাঠ : দেবতারা ..... দেব-দেবীর নাম, ছবি ও সংক্ষিপ্ত পরিচয়**
তারিখ –	**সময় : ৩০ মিনিট**

অর্জন উপযোগী যোগ্যতা :

ঈশ্বরের আরেকটি নাম বলতে পারবে, কয়েকজন দেব-দেবীর নাম বলতে পারবে, তাঁদের ছবি ও প্রতিমা দেখে চিনতে পারবে এবং শ্রদ্ধা প্রকাশ করতে পারবে।

শিখনফল :

২.১.১ ঈশ্বরের একাধিক নাম বলতে পারবে।
২.১.২ কয়েকজন দেব-দেবীর নাম বলতে পারবে।
২.১.৩ দেব-দেবীর ছবি বা প্রতিমা দেখে তাঁদের চিনতে পারবে।
২.১.৪ দেব-দেবীর প্রতি শ্রদ্ধা প্রকাশ করতে পারবে।

উপকরণ :

- কয়েকজন দেব-দেবীর ছবি বা প্রতিমা।
- power point এর মাধ্যমে দেব-দেবীর চিত্র প্রদর্শন (যদি সম্ভব হয়)।

শিখন শেখানো কার্যাবলি

শিক্ষকের কাজ	শিক্ষার্থীর কাজ	সময়
• শ্রেণিকক্ষে প্রবেশ করে কুশল বিনিময় করব। • আবেগ সৃষ্টি করব। (গান / ছড়া / অভিনয় যে কোনো কৌশল অবলম্বন প্রয়োগ)	• শিক্ষার্থীরাও কুশল বিনিময় করবে। • শিক্ষার্থীরা সক্রিয় অংশগ্রহণ করবে।	৫ মিনিট
• আমি শিক্ষার্থীদের জিজ্ঞেস করব: আমরা বাড়ি থেকে বের হবার সময় কাকে প্রণাম করে বের হই। • শিক্ষার্থীদের কাছ থেকে সম্ভাব্য উত্তর পাবার পর আমি বলব তোমরা ঠাকুর দেবতার কথা বললে: এই ঠাকুর দেবতাকে আমরা দেব-দেবী বলি। আজ আমরা এই দেব-দেবীর নাম জানব। ছবি দেখব। এই বলে চকবোর্ডে ঈশ্বর ও দেব-দেবী শিরোনাম লিখে দেব।	• শিক্ষার্থীরা সম্ভাব্য উত্তর দেবে - ঠাকুর দেবতা। • শিক্ষার্থীরা নিজ নিজ খাতায় পাঠের শিরোনাম লিখে দেবে।	৫ মিনিট
• আজকের পাঠ সংশ্লিষ্ট দুজন দেব-দেবীর ছবি বা প্রতিমা 'মডেল' দেখিয়ে নিম্নোক্ত প্রশ্ন করে ছবি বুঝতে সহায়তা করব। • বীণা হাতে থাকে কোন দেবীর? • প্যাঁচা কোন দেবীর বাহন? • ছবি দেখে তোমরা কী বুঝেছ?	• সরস্বতী দেবীর যিনি প্রতিমা মডেল' যিনি বীণা হাতে বসে আছেন। • লক্ষ্মী দেবীর। • অনেক লোক একসাথে দুর্গা পূজায় অঞ্জলি দিচ্ছেন।	১০ মিনিট
• এরপর সরস্বতী দেবী, লক্ষ্মী দেবী, দুর্গাদেবীর ছবি ও কয়েকজন দেব-দেবীর নাম সহ চার্ট বোর্ডে টাঙিয়ে দেব।	• শিক্ষার্থীরা প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করবে এবং বিষয়বস্তু অনুধাবন করতে পারবে।	১০ মিনিট

শিক্ষকের কাজ	শিক্ষার্থীর কাজ	সময়
• আজকের পাঠ্যাংশ প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করে বুঝতে সহায়তা করব। • দেবতারা আমাদের কী করেন? • সরস্বতী দেবী আমাদের কী দান করেন? • বিপদে আমাদের কে রক্ষা করেন? • আমরা কেন দেব-দেবীকে শ্রদ্ধা করব?		
পাঠশেষে আজকের বিষয়বস্তু কতটুকু অর্জিত হলো তা যাচাইয়ের জন্য নিম্নের প্রশ্ন করব। • বিদ্যার দেবী কাকে বলব? • বিপদে পড়লে কেন দুর্গা দেবীর নাম স্মরণ করি? • আমরা দেব-দেবীকে ভক্তি করি কেন? • লক্ষ্মীর বাহন কে?	• শিক্ষার্থীরা উত্তর দেবে।	১০ মিনিট

বি: দ্র: অনেক পাঠে শিক্ষক প্রয়োজনে উপকরণ প্রদর্শন করে পাঠ ঘোষণা করতে পারেন।